



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০১২.০৪.০০১.২০-৫৪০

তারিখ: ১৯ নভেম্বর ২০২৫খ্রি.

বিষয়: আলিম পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য মাদ্রাসা শিক্ষকবৃন্দের বিষয়ভিত্তিক নামের তালিকা প্রেরণ

সূত্র: বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং আশিবো/প্রশাঃ/২০১০/১৭৪, তারিখ: ১১.১১.২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলিম পরীক্ষার মানসম্মত প্রশ্নপত্র তৈরীর লক্ষ্যে ইনডেক্সধারী শিক্ষকগণকে আন্তঃশিক্ষা বোর্ডের মাধ্যমে ঢাকাতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লিখিত বিষয়সমূহের শিক্ষকবৃন্দের তথ্য <https://forms.gle/hEm4L6sTz7R9ZTXb8> এই লিংকে প্রবেশ করে আগামী ২৪-১১-২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রশিক্ষণে অন্তর্ভুক্ত বিষয়সমূহ:

১। বাংলা-১ম পত্র, ২। পদার্থবিজ্ঞান (১ম ও ২য়), ৩। রসায়ন (১ম ও ২য়), ৪। জীববিজ্ঞান (১ম ও ২য়), ৫। ইসলামের ইতিহাস, ৬। পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য়), ৭। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং ৮। উচ্চতর গণিত (১ম ও ২য়)

শিক্ষকগণের তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত শর্তাবলি প্রযোজ্য হবে:

১. এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ০২ (দুই) টি বিষয়ে প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ (অগ্রাধিকার পাবে);
২. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানের ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
৩. মাদ্রাসার অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে;
৪. ন্যূনতম ১৫ (পনের) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে এবং
৫. ইতোপূর্বে ১২ দিনের সৃজনশীলের উপর ঢাকা থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন শিক্ষকগণের নাম মনোনয়ন দেয়া যাবে না।

স্বাক্ষর
১৯/১১/২৫

প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd

অধ্যক্ষ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন
আলিম/ফাযিল/কামিল মাদ্রাসা

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০১২.০৪.০০১.২০-৫৪০/৪

তারিখ: ১৯ নভেম্বর ২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
২. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৪. অফিস কপি।

স্বাক্ষর
১৭.১১.২৫

ড. মোঃ মহাতাব হোসেন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)
ফোনঃ ০২২২৩৩৬৪৩৬৯

ই-মেইল: dcon@bmeb.gov.bd

১৯.১১.২৫